



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০৩.১৮- ২০০৪ (৯)

তারিখ: ২২/১২/২০২২ বঃ  
০৪/০৪/২০২২ খ্রিঃ

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য অন্তর্ভুক্ত ৩১<sup>তম</sup> 'ট্রেনিং অন আইসিটি অ্যাপ্লিকেশন ইন ইনস্টিটিউশনাল ওয়ার্ক' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৪ থেকে ৮ বৈশাখ ১৪২৯ বঃ/ ১৭ থেকে ২১ এপ্রিল ২০২২ খ্রি. পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ৩১<sup>তম</sup> 'ট্রেনিং অন আইসিটি অ্যাপ্লিকেশন ইন ইনস্টিটিউশনাল ওয়ার্ক' প্রশিক্ষণ কোর্স স্বাস্থ্যবিধি মেনে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন ৪(চার) জেলার ৪(চার)টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৪(চার)জন মাধ্যমিক পর্যায়ে প্রধান শিক্ষককে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ১০ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ১৭/০৪/২০২২ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
২. যাদের বয়স ৫৫ বৎসর অতিক্রম করেছে ও ইনডেক্সধারী নন এবং এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণটি পূর্বে গ্রহণ করেছেন; তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। কোর্সে অংশগ্রহণের জন্য মনোনীত শিক্ষককে অবশ্যই এমপিওভুক্ত হতে হবে।
৩. যিনি বিগত ০১(এক) বছরের মধ্যে নায়েম পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়েছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
৪. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd) -এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর >অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।
৫. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা ও খাওয়া খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ব্যাংকের ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে জনাব এ কে এম শাহ আলম, কোর্স সমন্বয়ক, ফোন নম্বর- ০১৮১৬৬০৬৩৪৩/০১৫৫২৩২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৭. মনোনীত শিক্ষকগণকে অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফর্ম, সম্মতিপত্র, এমপিও শীট, জাতীয় পরিচয় পত্রের কপি, পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, কোভিড-ভ্যাকসিন সম্পন্ন সনদ এবং ১০ টাকা মূল্যমানের ০১ (এক)টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৮. তাঁর প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য (যদি থাকে) তাঁকে অনুরোধ করা হলো।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

২২/১২/২০২২

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

প্রাপক:

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,

৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০৩.১৮- ২০০৪/৯ (৪২)

নং: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০৩.১৮- ২০০৪/৯ (৪২)

তারিখ: ২২/১২/২০২২ বঃ  
০৪/০৪/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৬. হোস্টেল সুপারিনটেনডেন্ট, মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
৭. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, নায়েম (আমন্ত্রণ পত্র ও মনোনীত প্রতিষ্ঠানের তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;

(এ কে এম শাহ আলম)

কম্পিউটার প্রোগ্রামার

ও

কোর্স সমন্বয়ক

ফোন: ০২-৫৫১৬৭৫৪০